খুলনায় আবারো প্রকাশ্যে যুবককে কুপিয়ে হত্যা

খুলনায় পূর্ব শত্রুতার জের ধরে শহিদুল ইসলাম রাসেল (১৮) নামের এক যুবককে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। মঙ্গলবার মাগরিবের নামাজের সময় নগরীর সোনাডাঙ্গা থানাধীন খাঁ বাড়ি মোড়ে তাকে কুপিয়ে আহত করা হয়। পরে তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করে। নিহত রাসেল সোনাডাঙ্গা খাঁ বাড়ি এলাকায় কবীরের বাড়ির ভাড়াটিয়া রবিউল শেখ’র ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, মঙ্গলবার সন্ধ্যার দিকে একটি মোটরসাইকেলে করে সোনাডাঙ্গা বাস স্ট্যান্ড এলাকার দেলোয়ার ও খাঁ বাড়ি এলাকার রাসেল দেশী অস্ত্র হাতে নিয়ে খাঁ বাড়ি’র দিকে যাচ্ছিল। এ সময় পূর্বে থেকে ওৎপেতে থাকা দুর্বৃত্তরা তাদের উপর হামলা করে পালিয়ে যায়। গুরুতর আহত রাসেলকে উদ্ধার করে খুলনা মেডিকেল কলেজ (খুমেক) হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।